দৈনিক ইনকিলাব

071

তারিখ 16 MAY 1987

পৃষ্ঠা ৮ কলাম ১

৩ রা জ্যৈষ্ঠ, ১৩৯৪

# উপজেলা পরিক্রমা

# পূর্বধলা

নেত্রকোনা, ১৫ মে (সংবাদদাতা)।— নেত্রকোনা জেলার একটি অবহেলিত জনবহুল এলাকার নাম পূর্বধলা। জেলা সদর থেকে ১০ বর্গমাইল পশ্চিমে এই উপজেলা অবস্থিত। ১৩৪ বর্গমাইল আয়তনের ১২টি ইউনিয়ন নিয়ে এই উপজেলা গঠিত। লোক সংখ্যা ২ লাখেরও উপরে। এই উপজেলার শতকরা ৭০ ভাগ লোক রয়েছে দরিদ্র সীমার নীচে।

## যোগাযোগ

পূর্বধলা উপজেলার রাস্তা-ঘাটের অবস্থা শোচনীয়। এই উপজেলায় ৫ মাইল পাকা রাস্তা এবং কাঁচা রাস্তার পরিমাণ হচ্ছে ১৫ মাইল। কাঁচা রাস্তাগুলো বর্ষাকালে পানির নীচে ডুবে যায় ফলে উপজেলা ও জেলা সদরের সাথে ইউনিয়ন এবং উপজেলার যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন হয়ে পড়ে। এ ছাড়া অনেক কালভার্ট, পুল সংস্কার না করায় যানবাহন তথা জনসাধারণের চলাচলে বিঘ্ন ঘটে।

## কৃষি

এ উপজেলার শতকরা ৯৫ জন লোকই কৃষিজীবী। এ উপজেলায় ৮৫ হাজার ৭শ' ৩০ একর জমি রয়েছে। আবাদী জমির পরিমাণ ৬৫ হাজার ৭শ' ৩০ একর। প্রয়োজনীয় যন্ত্রপাতি ও হালের বলদের অভাবে প্রাকৃতি কারণে ২০ হাজার একর জমি অনাবাদী থাকে। এই উপজেলায় ২৩৮টি গভীর নলকূপ, ৪শ'টি অগভীর নলকূপ, ৭শ' পাওয়ার পাম্প রয়েছে। কিন্তু প্রয়োজনীয় যন্ত্রাংশের অভাবে এসব কৃষি সামগ্রী অধিকাংশই অকেজো থাকে। এ ছাড়া কীটনাশক, সার, বীজ, কৃষি ঋণের অভাবে কৃষি সমস্যা প্রকট হয়েছে।

## শিক্ষা

পূর্বধলা উপজেলায় শিক্ষা ব্যবস্থা বর্তমানে নাজুক অবস্থায় রয়েছে। এখানে ২টি কলেজ, ৫টি উচ্চ বিদ্যালয়, ১টি বালিকা বিদ্যালয়, ১টি নিম্ন মাধ্যমিক স্কুল, ১৭টি সিনিয়ার ও হাই মাদ্রাসা এবং কয়েকটি এবতেদায়ী মাদ্রাসাও রয়েছে, ৭৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ৫টি বেসরকারী বিদ্যালয় রয়েছে। এই সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক সংকট, স্কুল গৃহের দরজা-জানালা জরাজীর্ণ, খেলাধুলার সরাঞ্জম, পানীয় জলের অভাব। চেয়ার, টেবিল, বেঞ্চ, ব্লাকবোর্ডসহ আসবাবপত্রের সংকট রয়েছে। এ ছাড়া স্কুলগুলোতে সুস্থ পরিবেশের অভাবে ছাত্র-ছাত্রীরা লেখা-পড়া থেকে বঞ্চিত হচ্ছে।

## চিকিৎসা

চিকিৎসা সংকটের ফলে উপজেলাবাসী সুচিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। উপজেলা হেলথ কমপ্লেক্সে প্রয়োজনীয় ওষুধ, আসবাবপত্র, চিকিৎসা সামগ্রীর অভাব রয়েছে।

## বিদ্যুৎ

এ উপজেলায় বিদ্যুৎ বিভ্রাটের দরুন জনগণকে দুর্ভোগ পোহাতে হচ্ছে। লোডশেডিং-এর জন্য নিয়মিত বিদ্যুৎ সরবরাহ হচ্ছে না ফলে ব্যবসা-বাণিজ্য, কল-কারখানা ও উৎপাদনের বিঘ্ন ঘটছে।

## হাট-বাজার

এই উপজেলায় ১৪টি হাট-বাজার রয়েছে এর মধ্যে পূর্বধলা অন্যতম বাজার। এই উপজেলার হাট-বাজারগুলোতে প্রয়োজনীয় সংস্কার করা প্রয়োজন। পূর্বধলা বাজারের অবস্থা শোচনীয়।